অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

স্বাস্থ্যসেবা খাতের কর্মীদলকে শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের আইন স্বাক্ষর

আইনটি (A3076-A/S447-C) নার্সিং শিক্ষার্থীদেরকে তাদের ক্লিনিক্যাল প্রশিক্ষণের এক তৃতীয়াংশ পর্যন্ত সিমুলেশন অভিজ্ঞতার মাধ্যমে সম্পন্ন করার অনুমতি প্রদান করছে

আইনটি নার্সিং স্বল্পতা মোকাবেলা এবং নিউ ইয়র্কবাসীদের জন্য সেবা উন্নত করতে সাহায্য করার জন্য প্রশিক্ষণ ত্বরান্বিত করবে

গভর্নর ক্যাথি হোকল আজ নার্সিং শিক্ষার্থীদেরকে তাদের ক্লিনিক্যাল প্রশিক্ষণের এক তৃতীয়াংশ পর্যন্ত সিমুলেশন অভিজ্ঞতার মাধ্যমে সম্পন্ন করার অনুমতি প্রদান করার মাধ্যমে নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা খাতের কর্মীদল শক্তিশালী করার জন্য আইন (A3076-A/S447-C) স্বাক্ষর করেছেন। নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগের (Education Department) তত্ত্বাবধানে পরিচালিত সিমুলেশন প্রশিক্ষণ শিক্ষার্থীদেরকে ক্লিনিক্যাল পরিবেশে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করে এবং নার্সিং শিক্ষা কর্মসূচিগুলোকে ক্লিনিক্যাল শিক্ষার জন্য আরো বেশি বিকল্প অফার করার সুযোগ দেয়। বর্তমানে নিউ ইয়র্কের নার্সিং স্বল্পতার সম্মুখীন হওয়ার এই সময়ে, সিমুলেশন অভিজ্ঞতা সম্প্রসারণ করা প্রশিক্ষণ ত্বরান্বিত করতে এবং যেখানে সবচেয়ে বেশি প্রয়োজন সেখানে নার্স যোগান দিতে সাহায্য করতে পারে।

"আমাদের নার্সরা আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার অমূল্য অংশ হয়ে আছেন, বিশেষ করে মহামারী চলাকালীন সময় জুড়ে, কিন্তু প্রায় ক্ষেত্রেই তাদেরকে নিজেদের পছন্দের কাজগুলো করতে গিয়ে মাত্রাতিরিক্ত কাজের বোঝা বহন করতে হচ্ছে, যা বর্তমান নার্সিং স্বল্পতার কারণে আরো বৃদ্ধি পেয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "প্রশিক্ষণ ত্বরান্বিত করা এবং আরো বেশি যোগ্য নার্সদেরকে কর্মীদলে যোগ দেওয়ার সুযোগ দেওয়ার মাধ্যমে সবার জন্য সেবা উন্নত করা এবং একটি অধিকতর নিরাপদ, আরো বেশি স্বাস্থ্যকর নিউ ইয়র্ক গড়ে তোলার জন্য আমাদের স্বাস্থ্যসেবা খাতের কর্মীদলকে শক্তিশালী করার জন্য আইন স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত।"

এই আইন (A3076-A/S447-C) নার্সিং সার্টিফিকেট এবং ডিগ্রি শিক্ষা কর্মসূচিগুলোর ক্লিনিক্যাল শিক্ষার এক তৃতীয়াংশ পর্যন্ত সিমুলেশন অভিজ্ঞতার মাধ্যমে সম্পন্ন করার অনুমতি প্রদান করছে। এটি নার্সিং শিক্ষাকে আরো বেশি অ্যাক্সেসযোগ্য করবে, যা নিউ ইয়র্কের নার্সিং স্বল্পতা মোকাবেলায় সাহায্য করবে, যা 2030 সালের মধ্যে আনুমানিক 40,000 কর্মচারীর কর্মীদলের চাহিদায় পৌঁছাবে বলে অনুমান করা হচ্ছে। নিউ ইয়র্কে একজন উচ্চ দক্ষতাসম্পন্ন নার্স হয়ে

উঠার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের জন্য একটি হাসপাতালের পরিবেশে ক্লিনিক্যাল প্লেসমেন্ট আবশ্যক হয়, এবং শিক্ষার্থীরা এসব প্লেসমেন্ট সম্পন্ন করার আগ পর্যন্ত তারা তাদের নার্সিং লাইসেন্স গ্রহণ করে কর্মীদলে যোগ দিতে পারে না। আরো বেশি সিমুলেটেড প্রশিক্ষণের জন্য অনুমতি দেওয়া নার্সিং কর্মসূচিগুলোকে নার্স হওয়ার জন্য আগ্রহী শিক্ষার্থীদেরকে শিক্ষাদানের জন্য তাদের ধারণক্ষমতা সম্প্রসারণ করতে সক্ষম করে তুলবে, স্বল্পতা মোকাবেলা করবে, এবং কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য উচ্চ মানসম্মত সেবা নিশ্চিত করবে। নিউ ইয়র্ক ছাড়াও 31টি স্টেটে হাই-টেক, উচ্চ-মানসম্মত সিমুলেশন প্রশিক্ষণ ইতোমধ্যে চালু রয়েছে।

স্টেট সিনেটর টোবি অ্যান স্ট্যাভিস্কি বলেন, "কয়েক বছর ধরে আমরা নার্সিং স্বল্পতা নিয়ে কথা বলে আসছি এবং অবশেষে এখন আমরা এটার ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করছি। প্রযুক্তি ব্যবহার করে ক্লিনিক্যাল প্রশিক্ষণ সিমুলেট করার মাধ্যমে, আমরা হাতে-কলমে অভিজ্ঞতা অর্জনকারী নিউ ইয়র্কের প্রশিক্ষণপ্রাপ্ত নার্সদের একটি নতুন প্রজন্ম গড়ে তুলছি। বর্তমানে, নার্সিং কর্মসূচিগুলো যোগ্য আবেদনকারীদেরকে ফিরিয়ে দিচ্ছে। এই আইনের মাধ্যমে, নিউ ইয়র্ক সিমুলেশন অভিজ্ঞতার অনুমতি দেওয়ার ক্ষেত্রে আরো 31টি স্টেটের সঙ্গে যোগ দেবে। আমার জন্য কোনো বিল এভাবে সর্বসম্মতিক্রমে পাশ হতে দেখা একটি বিরল ব্যাপার। এই বিধান সব স্টেকহোল্ডারদের: গভর্নর ক্যাথি হোকল, অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো এবং প্যাট ফ্যাহি, আইনসভার নেতৃবৃন্দ ও কর্মী, CICU, SUNY, এবং CUNY-এর চ্যান্সেলর এবং SED-এর মধ্যকার সহযোগীতার ফলাফল।"

অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো বলেন, "এক তৃতীয়াংশ পর্যন্ত ক্লিনিক্যাল প্রশিক্ষণ সিমুলেশনের মাধ্যমে সম্পন্ন করার অনুমতি দেওয়া NY-এর নার্সিং স্বল্পতা মোকাবেলা করতে সাহায্য করবে এবং একইসাথে শিক্ষার্থীদেরকে একটি মূল্যবান, হাতে-কলমে শিক্ষার অভিজ্ঞতার সংস্পর্শে নিয়ে আসবে। আমি বিংহ্যামটন ইউনিভার্সিটির (Binghamton University) ডেকার কলেজ অব নার্সিং (Decker College of Nursing)-এ এসব প্রশিক্ষণ পর্যবেক্ষণ করেছি এবং এসব সর্বাধুনিক সিমুলেশন কতটা বাস্তবিক হতে পারে তা দেখে মুগ্ধ হয়েছি। আমি গভর্নরকে এই আইন স্বাক্ষরের জন্য, সিনেটর স্ট্যাভিস্কিকে তার অংশীদারিত্বের জন্য, এবং SUNY-এর চ্যান্সেলর কিং, CUNY-এর চ্যান্সেলর মাতোস-রডরিগেজ এবং CICU সহ আরো অনেককে তাদের সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "এই আইন স্বাস্থ্যসেবা খাতের কর্মীদলে আরো বেশি সংখ্যক যোগ্য ও অনুশীলনের জন্য প্রস্তুত নার্স যোগ করবে। আমাদের কমিউনিটিগুলোর স্বাস্থ্যের প্রতি এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে রোগীদের সেবায় নিয়োজিতদের জন্য অবস্থার উন্নয়নের জন্য আরো একবার তার অঙ্গীকারাবদ্ধতা প্রদর্শন করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, এবং সিনেটর স্ট্যাভিস্কি এবং অ্যাসেম্বলি সদস্য লুপার্ডোকে এই বিল সমর্থনের জন্য ধন্যবাদ জানাই।"

বোর্ড অব রিজেন্টস (Board of Regents)-এর চ্যান্সেলর লেস্টার ডব্লিউ. ইয়ং জুনিয়র বলেন, "নার্সরা হচ্ছেন নিবেদিত, গুরুত্বপূর্ণ স্বাস্থ্যসেবা পেশাজীবী যারা আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ কিছু জনগোষ্ঠীকে সেবা প্রদান করে থাকেন। আরো বেশি সংখ্যক ভবিষ্যত নার্সকে বাস্তব-বিশ্বের, জীবন রক্ষাকারী পরিস্থিতির জন্য প্রস্তুত করে তুলতে ক্লিনিক্যাল শিক্ষা উন্নত ও

সমৃদ্ধ করার জন্য নীতিমালা প্রণয়নের মাধ্যমে আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে পিছিয়ে রাখা নার্সিং স্বল্পতা মোকাবেলা করতে সাহায্য করার জন্য বোর্ড অব রিজেন্টস সাধ্যমতো সবটুকু অবদান রাখার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে।"

স্টেটের শিক্ষা কমিশনার বেটি এ. রোসা বলেন, "আমাদের সবসময়ের প্রথম অগ্রাধিকার জনসাধারণের সুরক্ষা। নার্সিং শিক্ষার্থীদেরকে নিরাপদ, কার্যকর, এন্ট্রি-লেভেল অনুশীলনের জন্য প্রস্তুত করে তুলতে নার্সিং শিক্ষা কর্মসূচিগুলোতে মানসম্মত সিমুলেশন অভিজ্ঞতা সুস্পষ্টভাবে সংজ্ঞায়িত থাকা নিশ্চিত করার জন্য আমরা এই গুরুত্বপূর্ণ আইন নিয়ে স্টেকহোল্ডারদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করেছি। ক্লিনিক্যাল সিমুলেশন যথাযথভাবে ও দায়িত্বশীলতার সঙ্গে ব্যবহার হওয়া নিশ্চিত করার মাধ্যমে আমাদের নার্সদের জন্য সম্ভাব্য সেরা শিক্ষা প্রদান করা এবং জন নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার ব্যাপারে তাদের সহযোগিতা ও আগ্রহের জন্য গভর্নর এবং আইনসভার প্রতি আমরা কৃতজ্ঞ।"

SUNY-এর চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "এই গুরুত্বপূর্ণ আইনটি স্বাক্ষর করার মাধ্যমে নিউ ইয়র্কের পরবর্তী প্রজন্মের নার্সদের প্রশিক্ষণে সহায়তা করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলের প্রশংসা করি। আমাদের সিস্টেম জুড়ে SUNY-তে 70টিরও বেশি নার্সিং প্রোগ্রাম রয়েছে, কিন্তু সেগুলোর অনেক শিক্ষার্থী নিজেদের কলেজের কাছাকাছি উচ্চ-মানসম্মত ক্লিনিক্যাল প্লেসমেন্ট খুঁজে পেতে অসুবিধার সম্মুখীন হন। পর্যাপ্ত সংখ্যক উচ্চ-মানসম্মত ক্লিনিক্যাল প্লেসমেন্ট ছাড়া, নিউ ইয়র্ক জুড়ে নার্সিং প্রোগ্রামগুলো স্টেটের ক্রমবর্ধমান নার্সিং চাহিদা পূরণের জন্য সম্প্রসারণ করা যাচ্ছে না। কর্মীদল এবং স্বাস্থ্যসেবা খাতের এই গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জগুলো মোকাবেলায় একসঙ্গে কাজ করার জন্য আমি CICU, CUNY, এবং নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগে আমাদের অংশীদারদেরকে ধন্যবাদ জানাতে চাই।"

CUNY-এর চ্যান্সেলর ফেলিক্স ভি মাতোস রডরিগেজ বলেন, "নিউ ইয়র্কে অব্যাহতভাবে আরো বেশি সংখ্যক যোগ্য, সার্টিফাইড নার্সের প্রয়োজন রয়েছে এবং এই নার্সিং সিমুলেশন বিল নার্সিং শিক্ষার্থীদেরকে তাদের কঠোর প্রশিক্ষণের সময় নষ্ট করা ছাড়াই আরো দ্রুত কর্মীদলে প্রবেশ করার সুযোগ করে দিবে। স্টেটের সংকটপূর্ণ নার্সিং স্বল্পতা মোকাবেলা করা এবং যেখানে তাদের সবচেয়ে বেশি প্রয়োজন সেখানে স্বাস্থ্যসেবা খাতের কর্মীদলের মধ্যে CUNY-এর নার্সিং শিক্ষার্থীদেরকে নিয়ে যাওয়ার জন্য এই যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণের জন্য আমি গভর্নর হোকল এবং আইনসভার নেতৃবৃন্দের প্রতি কৃতজ্ঞ।"

স্বতন্ত্র কলেজ ও বিশ্ববিদ্যালয় বিষয়ক কমিশনের (Commission on Independent Colleges and Universities) প্রেসিডেন্ট লোলা ডব্লিউ. ব্রাবহ্যাম বলেন, "আপনার নেতৃত্বের জন্য এবং এই গুরুত্বপূর্ণ আইনটি স্বাক্ষর করার জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করায় গভর্নর হোকলকে ধন্যবাদ। নিউ ইয়র্কের সংকটপূর্ণ নার্সিং স্বল্পতা মোকাবেলা করার ক্ষেত্রে এটি একটি উল্লেখযোগ্য পদক্ষেপ এবং এই আইনের ব্যাপারে তাদের নিবিড় সহযোগিতার জন্য আইনসভার প্রতি এবং SUNY, CUNY, এবং নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগে আমাদের অসাধারণ অংশীদারদের প্রতি আমরা কৃতজ্ঞ। আমাদের সৌভাগ্য যে আমরা এমন একজন গভর্নর পেয়েছি যিনি উচ্চতর শিক্ষাকে মূল্য দেন, নিউ ইয়র্কের কর্মীদলের ভবিষ্যতের জন্য বিনিয়োগ করার ক্ষেত্রে যার রয়েছে অবিচল অঙ্গীকারাবদ্ধতা, এবং যিনি অনুধাবন করেন যে

সরকারি ও বেসরকারি উভয় ধরনের উচ্চতর শিক্ষা উদ্যোক্তা, শিক্ষক, এবং স্বাস্থ্যসেবা কর্মীদের পরবর্তী প্রজন্মকে গড়ে তুলছে যাদেরকে আমাদের স্টেটের প্রয়োজন।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418